

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.০৩.০০.০০১.২০১৩-২০৩

তারিখ: ১৯-০৮-২০১৮ খ্রি:


বিষয়: এমএনসিএল্ডএইচ ওপি২ ২০১৮-২০১৯ অর্থ বছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/এমএনসিএল্ডএইচ/ইপিআই/প্রশাসন-৩৬৭/২০১৮/১২২৪, তাং- ২৫-০৭-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, এমএনসিএল্ডএইচ এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি২ ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৬টি কন্সপোনেন্ট এর সমন্বয়ে ১১৫টি আইটেমের বিপরীতে ২৭৯৬০.৪৮ লক্ষ (দুইশত উনআশি কোটি ষাট লক্ষ আটচল্লিশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (গ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঘ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঙ) ক্রয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
এমএনসিএল্ডএইচ  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী  
ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৩২.১৯.০০.০০২.২০১৪-২০৪


তারিখ: ১৯-০৮-২০১৮ খ্রি:

বিষয়: ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের এইচইডি অংশের প্রকিউরমেন্ট প্ল্যান (ওয়ার্কস)-এ প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-এইচইডি/এইচপিএনএসপি/বার্ষিক কর্মপরিকল্পনা হিসাব-১০৯/২০১৭/২১১৮, তাং-১৮-০৭-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির এইচইডি অংশের ২০১৮-২০১৯ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের নির্মাণ কাজের ১৬৬৬ (এক হাজার ছয়শত ছেষটি) টি ইউনিটের বিপরীতে ২৯৭৬৭৬.৫০ লক্ষ (দুই হাজার নয়শত ছিয়াত্তর কোটি ছিয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং আপগ্রেডেশন কাজের ১৮৯৩ (এক হাজার আটশত তিরানব্বই) টি ইউনিটের বিপরীতে ১৪৯৬৭৪.৭৩ (এক হাজার চারশত ছিয়ানব্বই কোটি চুয়াত্তর লক্ষ তিয়াত্তর হাজার) লক্ষ টাকা অর্থাৎ মোট (১৬৬৬+১৮৯৩)=৩৫৫৯ (তিন হাজার পাঁচশত উনষাট) টি ইউনিটের বিপরীতে সর্বমোট (২৯৭৬৭৬.৫০+১৪৯৬৭৪.৭৩) =৪৪৭৩৫১.২৩ লক্ষ (চার হাজার চারশত তিয়াত্তর কোটি একাত্ত লক্ষ তেইশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (ওয়ার্কস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (গ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঘ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে
- (ঙ) ২০১৭-২০১৮ অর্থবছরে প্রকল্প বাস্তবায়নের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব(উন্নয়ন)  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ও  
লাইন ডাইরেক্টর  
ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্টস, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং-৪৫.১৬৫.০৩২.১৯.০০.০০২.২০১৪-২৩৫

তারিখ: ১৯-০৮-২০১৮ খ্রি:

বিষয়: ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) অপারেশনাল প্ল্যানের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরে বাস্তবায়িত কাজের মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) অপারেশনাল প্ল্যানের মেয়াদকাল জানুয়ারী ২০১৭ হতে জুন ২০২২ পর্যন্ত। উক্ত অপারেশনাল প্ল্যান সুষ্ঠু ও যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজসমূহ সম্পন্ন করা সমীচীন। সে লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে বাস্তবায়িত কাজের মূল্যায়ন করা প্রয়োজন। বর্ণিত অর্থবছরে কাজের লক্ষ্য, সম্পাদিত কাজ এবং আর্থিক অগ্রগতির পরিমাণ জানা প্রয়োজন।

এমতাবস্থায়, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর কর্তৃক গত ২০১৭-২০১৮ অর্থবছরে ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির আওতায় বাস্তবায়িত কাজের মূল্যায়ন এবং আর্থিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

১। প্রধান প্রকৌশলী  
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
মতিঝিল, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং)  
গণপূর্ত অধিদপ্তর  
সেগুন বাগিচা, ঢাকা।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ ও লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)।

২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। সিস্টেম এনালিস্টস, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।